

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৭]

৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)

পরিচ্ছেদঃ হায়েয থেকে পবিত্র হওয়ার জন্য গোসল করার সময় মহিলারা মাথার চুল খুলে ফেলবে

باب نَقْضِ الْمَرْأَةِ شَعْرَهَا عِنْدَ غُسْلِ الْمَحِيضِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: خَرَجْنَا مُوَافِينَ لِهَيْلَالِ ذِي الْحِجَّةِ، فَقَالَ رَسُولُ اللَّهِ مَنْ أَحَبَّ أَنْ يُهَلَّ بِعُمْرَةٍ فَلْيُهَلِّ، فَإِنِّي لَوْلَا أَنِّي أَهْدَيْتُ لَأَهْلَلْتُ بِعُمْرَةٍ. فَأَهَلَّ بَعْضُهُمْ بِعُمْرَةٍ، وَأَهَلَّ بَعْضُهُمْ بِحَجٍّ، وَسَاقَتِ الْحَدِيثَ وَذَكَرَتْ حَيْضَتَهَا قَالَتْ: وَأَرْسَلَ مَعِيَ أَخِي إِلَى التَّنْعِيمِ، فَأَهْلَلْتُ بِعُمْرَةٍ وَلَمْ يَكُنْ فِي شَيْءٍ مِنْ ذَلِكَ هَدْيٍ وَلَا صَوْمٍ وَلَا صَدَقَةٍ. (بخارى: ৩১৭)

বাংলা

২১২) আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ যুল-হজ্জ মাসের চাঁদ উঠার নিকটবর্তী সময়ে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হজ্জের উদ্দেশ্যে বের হলাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ যে উমরার ইহ্রাম বাঁধার ইচ্ছা করে সে যেন তাই করে। আমি যদি কুরবানীর পশু সাথে নিয়ে না আসতাম তাহলে আমিও উমরার ইহ্রাম বাঁধতাম। সুতরাং কেউ উমরার ইহ্রাম বাঁধলেন আবার কেউ হজ্জের ইহ্রাম বাঁধলেন। আয়েশা (রাঃ) বলেনঃ ইহ্রাম বাঁধার পর তাঁর হায়েয এসে গেল। আরাফার রাত্রি এসে যাওয়ার পরও তিনি পবিত্র হলেন না। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! আজ আরাফার রাত্রি। আমি তো তামাত্তো হজ্জের নিয়ত করে প্রথমে উমরার ইহ্রাম বেঁধেছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেনঃ তোমার মাথার চুল খুলে ফেল এবং চিরুণী করে উমরা ছেড়ে দাও। আয়েশা (রাঃ) বলেনঃ আমি তাই করলাম। আমি যখন হজ্জের যাবতীয় কাজ পূর্ণ করলাম, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার ভাই আব্দুর রাহমানকে আমার সাথে পাঠালেন। তার সাথে তানঈম পর্যন্ত গিয়ে সেখান থেকে উমরার ইহ্রাম বাঁধলাম এবং উমরার কাজ সমাধা করলাম। এসব কিছু মধ্য কোন প্রকার হাদী, রোয়া বা সাদকাহ কিছুই ছিলনা।

English

A woman should undo her head-hair while taking the bath after finishing from her menses.

Narrated `Aisha:

On the 1st of Dhul-Hijja we set out with the intention of performing Hajj. Allah's Messenger (ﷺ) said, "Any one who likes to assume the Ihram for `Umra he can do so. Had I not brought the Hadi with me, I would have assumed the Ihram for `Umra. "Some of us assumed the Ihram for `Umra while the others assumed the Ihram for Hajj. I was one of those who assumed the Ihram for `Umra. I got menses and kept on menstruating until the day of `Arafat and complained of that to the Prophet. He told me to postpone my `Umra, undo and comb my hair, and to assume the Ihram of Hajj and I did so. On the night of Hasba, he sent my brother `Abdur-Rahman bin Abi Bakr with me to at-Tan`im, where I assumed the Ihram for `Umra in lieu of the previous one. Hisham said, "For that (`Umra) no Hadi, fasting or alms were required.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89510>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন